

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড
পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন : +৮৮-০২-৪১০৬১৩১৯, ৪১০৬১৩২০
ফ্যাক্স : +৮৮০-২-৯৬৭৬৬০০



PHARMACY COUNCIL OF BANGLADESH

Rahat Tower (4th Floor), 14 Link Road
West Banglamotor, Dhaka-1000, Bangladesh.
Tel : +88-02-41061319, 41061320, Fax : +880-2-9676600
E-Mail : info@pcb.gov.bd, Web : www.pcb.gov.bd

স্মারক নং: পিসিবি/২০২৫-৫৮৯

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মে ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: ৬৪তম ব্যাচ ফার্মেসী সার্টিফিকেট রেজিস্ট্রেশন কোর্সে ভর্তির পুনঃবিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৬৪তম ব্যাচ ফার্মেসী সার্টিফিকেট রেজিস্ট্রেশন কোর্সের **জুলাই ২০২৫ সেশনের ভর্তি ১২ মে ২০২৫ দুপুর ০২:০০ ঘটিকা হতে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের অনলাইনে (www.pcb.gov.bd) শুরু হবে।** অনলাইন (Online) আবেদনের ক্ষেত্রে কাউন্সিল কর্তৃক নির্ধারিত ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড (VISA, Master Card, Amex), মোবাইল ব্যাংকিং (bKash, রকেট, নগদ, mCash, AB, t-Cash, Wallet, শিওর ক্যাশ, Dmoney), ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে জমা করতে হবে। কাউন্সিল কর্তৃক নির্ধারিত ফি প্রদানের অনলাইন চার্জ আবেদনকারীকে বহন করতে হবে। **অনলাইন আবেদনের ক্ষেত্রে ক্যাশ/পে-অর্ডার/ডি.ডি গ্রহণযোগ্য নয়।**

০২। উল্লেখ্য অনলাইনে আবেদনের পূর্বে আবেদনকারীকে আবেদনের নির্দেশিকাটি ভালো করে জেনে নিতে হবে এবং নির্দেশিকা অনুসারে অনলাইনে আবেদনপত্র পূরণ, সংশ্লিষ্ট কাগজপত্রাদি সংযুক্তিসহ (Upload) নির্ধারিত ফি জমা করতে হবে। অন্যথায় আবেদনটি বাতিল এবং দাখিলকৃত ফি অফেরতযোগ্য হিসেবে বিবেচিত হবে।

০৩। ৬৪তম ব্যাচ কোর্সের আবেদন শুধুমাত্র অনলাইনে (www.pcb.gov.bd) গ্রহণ করা হবে। অনলাইন ব্যতীত অন্য কোথাও ভর্তির জন্য কাগজ জমাদানের কোনো সুযোগ নেই। আবেদনকারীদের নিজ উদ্যোগে অনলাইনে যথাযথভাবে আবেদন করার জন্য অনুরোধ করা হচ্ছে। কোনো কারিগরি সমস্যার সম্মুখীন হলে, আমাদের লাইভ সাপোর্টে (<https://pcbapps.com.bd/support>) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৪। বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের একমাত্র কার্যালয় ঢাকায় (রাহাত টাওয়ার, ১৪ লিংক রোড, বাংলামোটর) অবস্থিত। বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের কোন শাখা/কার্যালয় নেই।

০৫। ৬৪তম ব্যাচ ফার্মেসী সার্টিফিকেট রেজিস্ট্রেশন কোর্সে ভর্তির আবেদনের ক্ষেত্রে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের মাধ্যমে প্রতারণিত না হওয়ার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা যাচ্ছে।



(মুহাম্মদ মাহবুবুল হক)

সচিব

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল